দৈনিক ইনকিলাব

তারিখ ... ... AUG. 3 0 1999
পৃষ্ঠা 72 কলাম 1

# নামাজ পড়ার সুবিধার্থে প্রধানমন্ত্রীর ছবি মুছার জন্য প্রহৃত হওয়ায় উদ্বেগ

প্রেস বিজ্ঞপ্তি ঃ তাহফিজে হারামাইন পরিষদ বাংলাদেশ-এর সভাপতি মাওলানা সাদেক আহমদ সিদ্দিকী এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব উপ-পরিচালক আহমদ আলী তার অফিস কক্ষের বিশ্ববিদ্যালয় ক্যালেন্ডারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি নামাজ পড়ার সুবিধার্থে ফ্লুইড দিয়ে মুছে ফেলার কারণে সরকারী দলের ছাত্র সংগঠনের ক্যাডারদের হাতে প্রহৃত হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি বলেন, হাদীস শরীফের ঘোষণা অনুযায়ী যেহেতু যে ঘরে জীবজন্তু বা মানুষের ছবি বা প্রতিকৃতি থাকে, সে ঘরে রহমতের ফেরেশতা প্রবেশ করে না। এ কারণে জনাব আহমদ আলী তার অফিস কক্ষের ক্যালেন্ডারের ছবি মুছে ফেলেছেন। এটা অত্যন্ত দুঃখজনক যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি একশ্রেণীর শিক্ষক-কর্মচারী ও সরকার দলীয় ছাত্র সংগঠনের ক্যাডাররা জনাব আহমদ আলীর সাথে যে জঘন্য আচরণ করেছে তা অন্যায়। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। মাওলানা সাদেক আহমদ সিদ্দিকী আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে ইসলামী সংস্কৃতির পরিবর্তে মূর্তি সংস্কৃতি চালু করতে চান। অথচ হাদীস শরীফে প্রতিকৃতি বা ভাস্কর্য নির্মাণকে নাজায়েজ ঘোষণা করা হয়েছে।